

## নকলের অভিশাপ থেকে দেশকে মুক্ত করতে সবাইকে এগিয়ে আসতে হবে প্রধানমন্ত্রী

বাসস : প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ভবিষ্যতে সকল পাবলিক পরীক্ষা নকলের অভিশাপ থেকে মুক্ত করতে এগিয়ে আসার জন্য শিক্ষক-ছাত্র ও অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, ছাত্রদের শুধু সার্টিফিকেট অর্জন করলেই চলবে না, নিজেদেরকে সুশিক্ষিত ও দেশের মূল্যবান নাগরিক হিসেবে গড়ে তুলতে জ্ঞানার্জন করতে হবে।

চলতি বছর বিভিন্ন শিক্ষাবোর্ডে এসএসসি, এইচএসসি, ডিগ্রী, আলীম, ফাজিল ও কামিল পরীক্ষায় নকল প্রতিরোধ করতে গিয়ে আহত শিক্ষক ও কর্মকর্তাদের সাথে আলোচনাকালে তিনি একথা বলেন। দেশের বিভিন্ন স্থান থেকে ১৮ জন আহত শিক্ষক ও কর্মকর্তা গতকাল (মঙ্গলবার) প্রধানমন্ত্রীর আমন্ত্রণে সাক্ষাতির জন্য

আসেন। এসব শিক্ষক ও কর্মকর্তা তাদের ওপর অর্পিত পবিত্র দায়িত্ব পালন করতে গিয়ে নকলবাজদের প্রহার ও ছুরিকাঘাতে আহত হন। তাদের সাহসী ভূমিকার স্বীকৃতি ও চিকিৎসার ব্যয় বহনের জন্য প্রধানমন্ত্রী প্রত্যেককে ২৫ হাজার টাকার চেক হস্তান্তর করেন।

প্রধানমন্ত্রী বলেন, চলতি বছর নকলের প্রবণতা ব্যাপক হ্রাস পেয়েছে। তবে এটা যথেষ্ট নয় উল্লেখ করে তিনি নকল বন্ধে এগিয়ে আসার জন্য শিক্ষক-ছাত্র ও অভিভাবকদের প্রতি আহ্বান জানান। বেগম জিয়া বলেন, যদি নকল বন্ধ ও ছাত্রদের যথাযথ শিক্ষা দেয়া যায়, তাহলে তারা উচ্চশিক্ষা এবং দেশে-বিদেশে কর্মসংস্থানের সুযোগ পাবে।

৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

### প্রধানমন্ত্রী

৮-এর পৃষ্ঠার পর।

প্রধানমন্ত্রী আহত শিক্ষক ও কর্মকর্তাদের জীবনের ঝুঁকি নিয়ে দায়িত্ব পালনের জন্য ধন্যবাদ জানিয়ে বলেন, তাদের স্থাপিত এই নজির অন্যরাও অনুসরণ করবে।

শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক, শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন, শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিটু ও শিক্ষা সচিব শহিদুল আলম এ সময় উপস্থিত ছিলেন।